রোববার জামায়াত আমির ও নাহিদ ইসলামের বাসায় যাচ্ছেন তারেক রহমান

সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বড় জয় পাওয়ার পর জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান এবং জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান।

আগামী রোববার তাঁদের নিজ নিজ বাসভবনে যাওয়ার কথা রয়েছে তারেক রহমানের। বিএনপি সূত্রে এ তথ্য জানা গেছে।

নির্বাচনের ফল অনুযায়ী, ২৯৭টি আসনের মধ্যে বিএনপি এককভাবে জিতেছে ২০৯টিতে। জোটসঙ্গীরা পেয়েছে আরও ৩টি আসন। ফলে নতুন সংসদে বিএনপি জোটের মোট আসন দাঁড়াচ্ছে ২১২। আরও দুটি আসনে তাদের পক্ষে ফল আসতে পারে বলেও দলীয় সূত্রের দাবি। এবার প্রথমবারের মতো সংসদ নির্বাচনে অংশ নিয়ে তারেক রহমান ঢাকা ও বগুড়া—দুই আসনেই জয়ী হয়েছেন।

বিজয়ের পর অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস অভিনন্দন বার্তায় বিএনপির এই সাফল্যকে গণতান্ত্রিক ধারাবাহিকতার জন্য গুরুত্বপূর্ণ উল্লেখ করেন।

এর আগে ২০০১ সালের নির্বাচনে চারদলীয় জোটের নেতৃত্বে বিএনপি সরকার গঠন করেছিল। সে সময় দলটি একাই ১৯৩টি আসন পেয়েছিল, জোটসহ মোট আসন ছিল ২১৬। তখন প্রধানমন্ত্রী হন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।